



European University of Bangladesh

2/4, Gabtoli, Mirpur, Dhaka-1216

www.eub.edu.bd, E-mail: info@eub.edu.bd

স্মারক নং-ইইউবি/অতিঃরেজি-৩/ফাঃনং-১৩৪/২০২৬-৬২৬

তারিখঃ ১৮ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

চলমান 'ফুটবল বিশ্বকাপ - ২০২৬' উপলক্ষ্যে আমাদের তরুণ শিক্ষার্থীদের মাঝে এক অভূতপূর্ব আনন্দ, উদ্দীপনা ও উল্লাস বিরাজ করছে। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝেও ব্যাপক আগ্রহ ও উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যাচ্ছে। শিক্ষার্থীরা আনন্দচিত্তে এই বিশ্বমঞ্চের খেলাগুলো উপভোগ করছে, যা ইতিবাচক ও প্রশংসনীয়।

খেলাধুলার এই মহোৎসবে বিভিন্ন দলের সমর্থকদের মধ্যে পারস্পরিক যুক্তি, তর্ক ও কথার ফুলঝুরি ছড়ানো বিনোদনেরই একটি অংশ; তবে মনে রাখতে হবে, এই সমস্ত আলোচনা যেন কেবলই নিছক আনন্দ ও সুস্থ বিনোদনের মধ্যেই সীমাবদ্ধ থাকে। কারণ ফুটবল বিশ্বকাপ আমাদের জন্য কেবলই বিনোদনের একটি বৈশ্বিক উপলক্ষ্য মাত্র।

বিশ্বকাপের এই উন্মাদনার মাঝেও বিশ্ববিদ্যালয়ের সার্বিক পাঠদান, শৃঙ্খলা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ অক্ষুণ্ণ রাখা আমাদের অন্যতম দায়িত্ব। তাই নিজ দলের প্রতি সমর্থন প্রকাশের পাশাপাশি অন্য কোনো দল বা সমর্থককে ব্যক্তিগত কিংবা দলগতভাবে কটুক্তি, উপহাস বা হেয় প্রতিপন্ন করা থেকে সম্পূর্ণ বিরত থাকতে হবে। কোনো অবস্থাতেই যেন কোনো মন্তব্য বা আচরণ পারস্পরিক দ্বন্দ্ব বা অপীতিকর পরিস্থিতির সৃষ্টি না করে সে বিষয়ে খেয়াল রাখতে হবে। খেলার জয়-পরাজয় যেন দীর্ঘদিনের বন্ধুত্ব, হৃদয়তা ও পারস্পরিক আন্তরিকতায় ফাটল ধরাতে না পারে সে ব্যাপারে সকলকে সচেতন থেকে সম্প্রীতি ও পারস্পরিক শ্রদ্ধা বজায় রেখে খেলা উপভোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

ড. এস. এম. জোবায়ের এনামুল করিম
রেজিস্ট্রার

কার্যার্থে অনুলিপিঃ

অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।